

## কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য : পশ্চিমবঙ্গ

তারিখ- ১৩.১০.২০২২

গত ৩ দিনের সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১০.১০.২০২২ থেকে ১২.১০.২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্য্যন্ত )

### উক্ত সময়ের মধ্যে

১০ অক্টোবর : দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু , হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোয় অতি সক্রিয় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোয় অবদমিত ছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় অতি ভারী থেকে প্রবল ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পং ও কোচবিহার জেলাগুলোর দু-এক জায়গায় ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায়, বৃষ্টিপাত হয়েছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার)ঃ

আলিপুরদুয়ার - ১১ ; বক্সাদুয়ার - ৯ ; পুন্ডিবাড়ি , বারোভিসা , ফালাকাটা - ৮ ; চেপন - ৭ ; কোচবিহার , দোমোহানী , হাসিমারা - ৫ ; মাথাভাঙ্গা , বাগরাকোটে , দিয়ানা , গজলডোবা , জলপাইগুড়ি , মূর্তি - ৪ ।

১১ অক্টোবর : দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু , হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোয় অতি সক্রিয় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোয় অবদমিত ছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় প্রবল ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পং ও জলপাইগুড়ি জেলাগুলোর দু-এক জায়গায় ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায়, বৃষ্টিপাত হয়েছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার)ঃ

আলিপুরদুয়ার - ১৭ ; ; বারোভিসা - ১৪ ; চেপন - ১২ ; বাগরাকোটে - ৮ ; চম্পাসারি - ৬ ; বাগডোগরা , বক্সাদুয়ার , জলপাইগুড়ি - ৫ ; দোমোহানী , গজলডোবা - ৪ ।

১২ অক্টোবর : দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু , পশ্চিমবঙ্গের জেলাগুলোয় অতি সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া জেলার দু-এক জায়গায় অতি ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল।

পশ্চিমবঙ্গের কালিম্পং ও বীরভূম জেলাগুলোর কয়েক জায়গায় এবং জলপাইগুড়ি জেলার দু-এক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের মূর্শিদাবাদ জেলার কয়েক জায়গায় এবং পুরুলিয়া, আলিপুরদুয়ার, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাগুলোর দু-এক জায়গায় ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলোর অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার) :

নলহাটি - ১৪ ; দেবগ্রাম - ১৩ ; শ্রীনিকেতন - ১২ ; বাগরাকোটে - ১০ ; রঙ্গ , নেওরা , ষেড়োপাড়া - ৯ ; বক্রাদুয়ার , রামপুরহাট মেসেনজার - ৮ ; রাজনগর , গোবিন্দপুর - ৭ ; হাসিমারা , দুর্গাপুর , মঙ্গলকোট , পানাগড় - ৬ ; সেভক , আলিপুরদুয়ার , দিয়ানা , গজলডোবা , মূর্তি , আমতলা - ৫ ।

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৮০ থেকে ৯০ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৮ থেকে ৮৯ শতাংশ ।

পরবর্তী ৩ দিনের সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্য্যন্ত , আবহাওয়ার পূর্বাভাস (১৪.১০.২০২২ থেকে ১৬-১০-২০২২ ) :

দিন ০১ : হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায়, বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে । আগামী ৫ দিনে , পশ্চিমবঙ্গের ভূমি এলাকা অঞ্চলে , দিনের তাপমাত্রায় , বড় কোনো পরিবর্তন হবে না ।

দিন ০২ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর দু-এক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর কয়েক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে ।

দিন ০৩ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পং জেলাগুলোর দু-এক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর কয়েক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে । পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোয় আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকবে ।

সতর্কীকরণ :

দিন ০১ : পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ হবার সম্ভাবনা আছে ।

দিন ০২ : পশ্চিমবঙ্গের জেলাগুলোর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ হবার সম্ভাবনা আছে ।

দিন ০৩ : কোন সতর্কবার্তা নেই ।

স্বাক্ষরিত  
১৭

পরবর্তী দু দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

১৩-১০-২০২২

পক্ষে আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭